

Government of West Bengal
Food and Supplies Department
11A, Mirza Ghalib Street, Kolkata-700 087

Memo No - 4212 - FNS-17013/1/2021-IT-SEC

Date: 02/12/2021

বিষয়ঃ রাজ্যের মধ্যে যেকোন রেশন দোকান থেকে আন্তঃরাজ্যবহন যোগ্যতার মাধ্যমে খাদ্যসার্থী প্রকল্পের রেশনসামগ্রী তোলার পদ্ধতি :

পশ্চিমবঙ্গ সরকার, খাদ্য এবং সরবরাহ দপ্তরের মাধ্যমে যে সকল উপভোক্তার রেশনকার্ডের সাথে e-KYC এর মাধ্যমে আধারনম্বর সংযুক্ত করা হয়ে গেছে সেই সকল উপভোক্তাকে রেশনকার্ডের আন্তঃরাজ্যবহন যোগ্যতার মাধ্যমে রাজ্যের যেকোন রেশন দোকান থেকে খাদ্যসার্থী প্রকল্পের রেশন সামগ্রী তোলার সুবিধে দেওয়া হবে।


এই সুবিধা পেতে উপভোক্তাকে রেশন সামগ্রী তোলার সময় আধার বায়োমেট্রিক অথেন্টিকেশান অবশ্যই করতে হবে।

উপভোক্তার জন্য পদ্ধতি

1. যেহেতু এই পদ্ধতিতে আধার বায়োমেট্রিক অথেন্টিকিটেড লেনদেন আবশ্যিক, সেহেতু উপভোক্তাকে নিজের রেশন কার্ডের সাথে নিজের আধার নম্বর e-KYC মাধ্যমে সংযুক্ত করাতে হবে।
2. এই সংযুক্তিকরণের ব্যবস্থা ইতিমধ্যেই রেশন দোকানের e-POS মেশিনে, খাদ্যপরিদর্শক, রেশনিং অফিসার এবং মহকুমা নিয়ামকের অফিসে এবং বাংলা সহায়তা কেন্দ্রে উপলব্ধ আছে। উপভোক্তা নিজেও নিজের আধার কার্ডের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বর মারফত ওটিপি (OTP) যাচাই করে নিজের রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্ত করে নিতে পারেন। food.wb.gov.in এর মাধ্যমে এই সুবিধা পেতে পারবেন।
3. আন্তঃরাজ্যবহন যোগ্যতার সুবিধে নেবার জন্য উপভোক্তাকে তাঁর রেশন কার্ড নিয়ে তাঁর নিজের সুবিধে মত রেশন দোকানে যেতে হবে।
4. উপভোক্তাকে তাঁর আঙ্গুলের ছাপ ই-পস মেশিনে দিয়ে রেশন তুলতে হবে।

রেশন দোকানের জন্য পদ্ধতি :

1. রেশন দোকানে আসা উপভোক্তার রেশন কার্ড স্ক্যান করতে হবে অথবা কার্ড নম্বর ই-পস মেশিনে টাইপ করতে হবে।
2. এর মাধ্যমে কার্ডের সমস্ত তথ্য ই-পস মেশিনে দেখাবে। যদি এই নম্বরে একাধিক কার্ড থেকে থাকে তাহলে সবকটি কার্ডই দেখাবে। রেশন ডিলার তাঁর সামনে থাকা কার্ড এবং ব্যক্তিকে দেখে সঠিক কার্ডটি নির্বাচন করবেন।
3. প্রযোজ্য কার্ডটি সিলেক্ট করার পর সমস্ত পরিবার বর্গের তথ্য তথা আধার সংযুক্তিকরণের তথ্যও ই-পস মেশিনে দেখাবে।
4. এই লেনদেনের সময়ে রেশন কার্ডের সঙ্গে আধার সংযুক্তিকরণ করা আছে পরিবারের এমন একজন ব্যক্তিকে উপস্থিত থাকতেই হবে। তিনি ই-পস মেশিনে নিজের আঙ্গুলের ছাপ দেবেন।
5. একমাত্র বায়োমেট্রিক অথেনটিকেশন সফল হবার পরেই তাঁকে খাদ্যশস্য দেওয়া হবে। উপভোক্তা পুরো পরিবারের রেশন তুলতে পারেন।
6. নিজের রেশন কার্ডে লেখা রেশন দোকান ছাড়া অন্য রেশন দোকানে রেশন তুলতে চাইলে আধার মারফত বায়োমেট্রিক অথেনটিকেশন করেই একমাত্র তোলা যাবে। এ ছাড়া অন্য কোন পদ্ধতিতে আন্তঃরাজ্যবহন যোগ্যতার মাধ্যমে অন্য দোকানে রেশন তোলা যাবেনা।



যুগ্ম সচিব
খাদ্য ও সরবরাহ দপ্তর

Memo No - 4212/1(15)-FNS-17013/1/2021-IT-SEC

Date: 02 /12/2021

Copy forwarded for information to:-

1. Commissioner, Kolkata Municipal Corporation.
2. District Magistrate, All.
3. Director of DDP&S with request to inform all concerned accordingly.
4. Director of Rationing with request to inform all concerned accordingly.
5. Additional Secretary, Reform Cell/Food Cell.
6. Joint Secretary, IT/Food.
7. P.S to HMIC, F&S.
8. PS to HMOS
9. Sr TD, NIC.
10. DCF&S/DDR.(All)for necessary action.
11. PA to Secretary, F&S Department.
12. PA to Secretary in F&S Department.
13. Regional Manager Linkwell Telesystem Ltd.
14. CEO, WTL.
15. Guard file.


যুগ্ম সচিব
খাদ্য ও সরবরাহ দপ্তর